Class-XII: Biology: Term- II (Board Final) : 2022 : Marks 35

(ক) সঠিক উত্তর নির্বাচন করে লেখো : **1 x 11 = 11**

(১) কোন অ্যান্টিবডি মায়ের রক্ত থেকে অমরা ভেদ করে ভ্রূণে প্রবেশ করতে পারে —

(i) IgA (ii) IgD (iii) IgG (iv) IgM.

(২) রসভিত্তিক অনাক্রম্যতার জন্য দায়ী —

(i) T-লিম্ফোসাইট (ii) B-লিম্ফোসাইট (iii) নিউট্রোফিল (iv) কোনটিই নয়।

(৩) গৌণ বর্জ্য ব্যবস্থাপনা মুখ্যতঃ একটি —

(i) রাসায়নিক প্রক্রিয়া (ii) জৈবিক প্রক্রিয়া (iii) ভৌত প্রক্রিয়া (iv) যান্ত্রিক প্রক্রিয়া।

(৪) নিম্নলিখিত কোনটি জৈব সার —

(i) রাইজোবিয়াম (ii) নস্টক (iii) অ্যাজোটোব্যাক্টর (iv) অ্যাগ্রোব্যাকটেরিয়াম।

(৫) নিম্নলিখিত কোনটি প্যালিনড্রমিক সজ্জাক্রম —

(i) CCGTA / GGCAT (ii) CATTG / GTAAC (iii) GAATC / CTTAAG (iv) AAAA / TTTT.

(৬) নিম্নলিখিত কোনটি আনুবীক্ষণিক কীটনাশক —

(i) ব্যাসিলাস পলিমিক্সা (ii) ব্যাসিলাস সাবটিলিস (iii) ব্যাসিলাস ব্রেভিস (iv) ব্যাসিলাস থুরিনজিয়েনসিস।

(৭) নিম্নলিখিত কোন্‌টি জিন প্রযুক্তিতে মানব ইনসুলিন তৈরিতে ব্যবহৃত হয়— (i) রাইজোবিয়াম (ii) ই. বোলি (iii) সিউডোমোনাস (iv) অ্যাসপারজিলাস।

(৮) কোনটিতে গ্রীষ্ম ঘুম দেখা যায় — (i) রেশম মথ (ii) শামুক (iii) মৌমাছি (iv) কুনোব্যাঙ।

(৯) 'ন্যাটালিটি' হল — (i) জন্ম হার (ii) মৃত্যু হার (iii) মোট বৃদ্ধি (iv) মোট হ্রাস।

(১০) ভারতের কোন অঞ্চলটি জৈব বৈচিত্র্যের 'হটস্পট' —

(i) পশ্চিম হিমালয় (ii) পূর্ব হিমালয় (iii) অন্ধ্রপ্রদেশের উপকূল (iv) জয়সলমীর অঞ্চল।

(খ) অতি সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নগুলির উত্তর দাও :- **1 x 20 = 20**

(১২) ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া সৃষ্টিকারী পরজীবীর নাম কর।

(১৩) কোন ধরনের T Cell HIV দ্বারা আক্রান্ত?

(১৪) তামাকে উপস্থিত বিষাক্ত অ্যালকালয়েডটির নাম কী?

(১৫) BCG কোন রোগ প্রতিরোধ করে?

(১৬) সম্পূর্ণ নাম লিখ : BOD

(১৭) ধান চাষের জন্য অ্যাজোলা একটি উত্তম জৈব সার কেন?

(১৮) বায়ো গ্যাসের প্রধান উপাদানগুলি কী কী ?

(১৯) কোন ছত্রাক থেকে সাইক্লোস্পোরিন - A উৎপাদিত হয়?

(২০) PCR প্রযুক্তিতে ব্যবহৃত তাপসহনশীল DNA পলিমারেজ - A উৎসেচকের উৎস কী?

(২১) জৈব প্রযুক্তিতে কোন উৎসেচককে 'আনবিক কাঁচি' বলা হয়?

(২২) 'Cry' প্রোটিন উৎপাদনকারী মৃত্তিকাস্থিত ব্যাকটেরিয়ার বৈজ্ঞানিক নাম লিখ।

(২৩) ELISA-এর পুরো নাম কী?

(২৪) Golden Rice বা সোনালী ধান সোনালী বর্ণের হয় কেন?

(২৫) শূন্যস্থান পূরণ কর :-

একটি একতন্ত্রী যাহা একটি সূত্রের পরিপূরক, তাকে বলে ----------।

(২৬) 'কমেনসেলিজম'-এর একটি উদাহরণ দাও।

(২৭) 'বায়োম' কি?

(২৮) জৈব বৈচিত্র্য কী?

(২৯) পৃথিবীর সর্ববৃহৎ জৈব বৈচিত্র্যের নাম কী?

(৩০) দুটি এক্স-সিটু সংরক্ষণের উদাহারণ দাও।

(গ) নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও :- 2 x 2 = 4

(৩১) প্লাসমোডিয়াম কিভাবে রক্তকণিকা (RBC) কে ধ্বংস করে?

অথবা

অ্যান্টিজেন ও অ্যান্টিবডির মধ্যে দুটি পার্থক্য লিখ।

(৩২) 'জিন গান' (Gene Gun) কী?